দুরালাপনী ঃ +৮৮ ০২৩৩৩৩২৩৮০১-৮০৪
Website- www.cnfctg.org, www.cnfctg.net
E-mail- cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

**CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION**

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং-৩৭ /২০২১ — তারিখঃ০৯ /০৬/২০২১ খ্রিঃ

**সম্মানিত সদস্যদের প্রতি,**

কাস্টম হাউস, চট্টগ্রাম ও চিটাগাং কাস্টমস্ সিএন্ডএফ এজেন্টস্ এসোসিয়েশন এর সাথে অনুষ্ঠিত মতবিনিময় সভার কার্যবিবরণী, নথি নং-এস-০৪/১২/প্রশাসন/মতবিনিময় সভা/২০১৭-১৮/৪২৮১০, তারিখ : ৩১/০৫/২০২১ খ্রিঃ সম্মানিত সদস্যদের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

মোঃ মিজানুর রহমান
সচিব

---

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**কাস্টম হাউস, চট্টগ্রাম**
www.chc.gov.bd E-mail:customhousectg@gmail.com

বিষয়: **চিটাগাং কাস্টমস সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশন এর সাথে অনুষ্ঠিত মতবিনিময় সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব মোহাম্মদ ফখরুল আলম, কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, চট্টগ্রাম।
স্থান : "সমৃদ্ধি" সম্মেলন কক্ষ, কাস্টম হাউস, চট্টগ্রাম।
তারিখ : ০২/০৫/২০২১ খ্রিঃ।
সময় : সকাল ১১.০০ ঘটিকা।

গত ০২/০৫/২০২১ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় কাস্টম হাউস, চট্টগ্রাম এর সম্মেলন কক্ষ "সমৃদ্ধি"-তে চিটাগাং কাস্টমস সিএন্ডএফ এজেন্টস্ এসোসিয়েশন এর সাথে কাস্টম হাউস, চট্টগ্রামের একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন কাস্টম হাউস, চট্টগ্রামের কমিশনার জনাব মোহাম্মদ ফখরুল আলম। কাস্টম হাউস, চট্টগ্রাম-এর বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ এবং সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশন নেতৃবৃন্দ সভায় উপস্থিত ছিলেন। সভাপতি সভার শুরুতেই উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

২। সভায় সিএন্ডএফ এজেন্টস্ এসোসিয়েশন নেতৃবৃন্দ আমদানি-রপ্তানি পণ্য খালাসের ক্ষেত্রে বিরাজমান সমস্যা দূরীকরণে ৪ (চার) দফা দাবী উপস্থাপন করে তাদের বক্তব্য পেশ করেন। সভায় উত্থাপিত দাবিগুলো নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভাপতি তাঁর বক্তব্যে উল্লেখ করেন যে উত্থাপিত দাবীগুলোর প্রায় সবই পুরনো এবং এগুলোর ক্ষেত্রে সুনির্দিষ্ট সিদ্ধান্তও আছে। তিনি বিদ্যমান আইন ও বিধির আলোকে দাবীসমূহ পূরণের বিষয়ে সকলকে আশ্বস্ত করেন। অতঃপর প্রতিটি বিষয়ের উপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | বাংলাদেশের সকল কাস্টম হাউস/ কাস্টমস স্টেশনে একই মূল্যে পণ্যের শুল্কায়নকরণ। অন্যান্য কাস্টম হাউস/স্টেশনে যে মূল্যে পণ্যের শুল্কায়ন হয় কাস্টম হাউস, চট্টগ্রাম এ এর বেশি মূল্যে নির্ধারণ না করা। | সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশনের পক্ষ থেকে সভায় জানানো হয় কাস্টমস কর্মকর্তারা ডেটাবেইজ মূল্য অনুসরণ করছেন না। এসোসিয়েশনের নেতৃবৃন্দ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ যাতে ডেটাবেইজ মূল্য অনুসরণ করে তার ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। সিএন্ডএফ এজেন্টগণ সভায় শুল্ক মূল্যায়ন (আমদানি পণ্যের মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০০০ এর যথাযথ প্রয়োগের অনুরোধ জানান। | আমদানি ও রপ্তানি পণ্যের শুল্কায়নকালে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ট্যারিফ ভ্যালু ও ন্যূনতম মূল্য (Minimum value) সংক্রান্ত জারীকৃত প্রজ্ঞাপন এস,আর,ও এবং ন্যাশনাল ডেটাবেইজ যথাযথভাবে অনুসরণ/পরিপালন করতে হবে। তবে কোন পণ্যের ঘোষিত মূল্য যদি ডেটাবেইজ মূল্য/বিনিময় মূল্য অপেক্ষা অস্বাভাবিক কম প্রতীয়মান হয় তাহলে শুল্ক মূল্যায়ন (আমদানি পণ্যের মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০০০ অনুসরণ করে, প্রয়োজনে এ দপ্তরের এসেসমেন্ট কমিটিতে আলোচনার মাধ্যমে প্রকৃত বিনিময় মূল্য নিরুপণ করতে হবে। প্রকৃত বিনিময় মূল্য নিরুপণের ক্ষেত্রে অন্যান্য শুল্ক স্টেশনের শুল্কায়িত মূল্য তথ্যও বিবেচনায় নিতে হবে। | শুল্কায়ন সেকশনের কর্মকর্তাগণ, সিএন্ডএফ এজেন্টসগণ। |

দুরালাপনী ঃ +৮৮ ০২৩৩৩২৩৮০১-৮০৪
Website- www.cnfctg.org, www.cnfctg.net
E-mail- cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

## CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২ | আনস্টাফিং সংক্রান্ত অফিস আদেশ-১২৭ যথাযথভাবে পরিপালন করা। | সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশন সদস্যরা জানান, আনস্টাফিং পর্যায়ে পণ্যের ভ্যালু, এইচএস কোড, এসআরও ইত্যাদি যাচাই করা হয়, যার ফলে পণ্য খালাসে অনাকাঙ্ক্ষিত বিলম্ব হয়। এক্ষেত্রে তারা পণ্য খালাস দ্রুততর করতে অফিস আদেশ-১২৭, তারিখ: ৩০/১১/২০১১ খ্রিঃ অনুসরণের দাবী জানান। সভাপতি এ বিষয়ে জয়েন্ট কমিশনার (জেটি)-র দৃষ্টি আকর্ষণ করলে তিনি জানান, সকল আনস্টাফিং কর্মকর্তাকে এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। | অফিস আদেশ-১২৭ তারিখ: ৩০/১১/১১খ্রিঃ মোতাবেক কার্যক্রম গ্রহণ করতে হবে। আনস্টাফিং সংক্রান্ত কার্যক্রমে কোন সমস্যার উদ্ভব হলে অতিরিক্ত/ জয়েন্ট কমিশনার (জেটি), সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশনের যুগ্ম-সম্পাদক-১ অথবা কাস্টমস বিষয়ক সম্পাদকের সাথে আলোচনার মাধ্যমে সমস্যার দ্রুত সুরাহা করবেন। | অতিরিক্ত কমিশনার/জয়েন্ট কমিশনার (জেটি), যুগ্ম-সম্পাদক-১ ও কাস্টমস্ বিষয়ক সম্পাদক, সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশন। |
| ৩ | বর্ণনা যদি সঠিক ও পূর্ণাঙ্গ হয় সেক্ষেত্রে H.S. Code ভুল হলেও ন্যায় নির্ণয়ণ কার্যক্রম গ্রহণ না করা। | বিল অব এন্ট্রির সাথে দাখিলকৃত দলিলাদিতে (এলসি, এলসিএ, ইনভয়েস, প্যাকিং লিস্ট ইত্যাদি) পণ্যের বর্ণনা সুনির্দিষ্ট (Responsive Declaration) এবং পূর্ণাঙ্গ থাকলে এবং H.S. Code ভুল থাকলে সেক্ষেত্রে ন্যায় নির্ণয়ন কার্যক্রম গ্রহণ না করে শুল্কায়নের অনুরোধ জানান। কাস্টম হাউস এর পক্ষ থেকে জানানো হয় পূর্বে এতদবিষয়ে সিদ্ধান্ত আছে, তা অনুসরণ করতে হবে। | এ বিষয়ে গত ০৩/০৪/২০১২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর (নথি নং-১৬(১) কাস/৮৩-৯৬(অংশ-৪)/১২০২৮ কাস) ১৪ নং সিদ্ধান্ত **(যদি পণ্যের বর্ণনা সঠিক ও পূর্ণাঙ্গ হয় কিন্তু H.S. Code ভুল হয় তবে এক্ষেত্রে বর্ণনা অনুযায়ী সঠিক H.S. Code এ শুল্কায়ন করতে হবে)**, গত ১২/০৪/২০১৫খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর (নথি নং-১৬(১) কাস/৮৩-৯৬ (অংশ-৫)/৫৮৯৮/কাস তারিখ: ০৫/০৫/২০১৫ খ্রিঃ) ১১ নং সিদ্ধান্ত **(যদি পণ্যের Tarrif Description সঠিক থাকে এবং Invoice ও Packing List-এ H.S. Code ভুল থাকে সেক্ষেত্রে সিএন্ডএফ এজেন্ট BE নোটিং কালে সঠিক H.S. Code Input দিতে পারবে। এক্ষেত্রে কোন Fine/Penalty হবে না)** এবং গত ৩০/০৪/২০১৯খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর (নথি নং- এস-০৪/১২/প্রশাসন/মতবিনিময় সভা/২০১৭-১৮/২০১৫৫ (কাস), তারিখ: ১৯/০৫/২০১৯ খ্রিঃ) ৯নং সিদ্ধান্ত **(পণ্যের বর্ণনা সঠিক থাকলে এবং এ ক্ষেত্রে শুল্ক ফাঁকি সংক্রান্ত কোন অসৎ উদ্দেশ্য পরিলক্ষিত না হলে স্বাভাবিক শুল্কায়ন)** অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হবে। | কাস্টম হাউস, চট্টগ্রাম ও সিএন্ডএফ এজেন্টস। |

চলমান পাতা-৩

দুরালাপনী ঃ +৮৮ ০২৩৩৩৩২৩৮০১-৮০৪
Website- www.cnfctg.org, www.cnfctg.net
E-mail- cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

## CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ৪ | এলসি, ইনভয়েস, প্যাকিং লিস্ট ইত্যাদিতে পণ্যের বর্ণনা সঠিক কিন্তু H.S. Code ভুল থাকলে বিল অব এন্ট্রি দাখিলকালে সিএন্ডএফ এজেন্ট কর্তৃক সঠিক H.S. Code এ বিল অব এন্ট্রি দাখিল করলে সেক্ষেত্রে ন্যায় নির্নয়ণ কার্যক্রম গ্রহণ না করা | সিএন্ডএফ এজেন্টস প্রতিনিধিগণ জানান, সঠিক এইচএস কোড নিরূপন একটি জটিল বিষয়, একজন আমদানিকারকের পক্ষে সঠিক H.S. Code প্রদান করা অনেক ক্ষেত্রে সম্ভব হয় না। বিধায় দাখিলকৃত দলিলাদিতে (এলসি, এলসিএ, ইনভয়েস, প্যাকিং লিস্ট ইত্যাদি) পণ্যের বর্ণনা সুনির্দিষ্ট (Responsive Declaration) এবং পূর্ণাঙ্গ থাকলে এবং H.S. Code ভুল থাকলে বিল অব এন্ট্রি দাখিলকালে সিএন্ডএফ এজেন্ট কর্তৃক সঠিক H.S. Code -এ বিল অব এন্ট্রি দাখিল করলে ন্যায় নির্নয়ণ ব্যতিরেকে তারা শুল্কায়নের অনুরোধ জানান। | আলোচ্য বিষয়টি ক্রমিক নং-৩ এর অনুরূপ বিধায় ক্রমিক নং-৩ এর সিদ্ধান্ত এক্ষেত্রেও প্রযোজ্য হবে। | কাস্টম হাউস, চট্টগ্রাম ও সিএন্ডএফ এজেন্টস। |

৩। ASYCUDA World System-এ বিল অব এন্ট্রিতে H.S. Code এন্ট্রি দেয়া হলে তার ভিত্তিতে BCT তে উল্লিখিত পণ্যের বর্ণনা Auto Print হয় এবং একইসাথে প্রদত্ত H.S. Code এর বিপরীতে প্রযোজ্য শুল্ক-কর হার এবং মোট শুল্ক-কর নিরুপিত হয়। আমদানিকারক বা তার মনোনীত এজেন্ট কর্তৃক বিল অব এন্ট্রিতে শতভাগ সঠিক বর্ণনা উল্লেখ করা হলেও উক্ত বর্ণনার ভিত্তিতে বিল অব এন্ট্রেতে H.S.Code, Auto Print হয়না। সুতরাং যথাযথ পরিমাণ রাজস্ব আদায়ের জন্য বিল অব এন্ট্রিতে সঠিক H.S.Code উল্লেখ করা অতি গুরুত্বপূর্ণ। তবে কোন পণ্যের H.S.Code বিষয়ে কোন প্রকার অস্পষ্টতা বা সঠিক ধারণা না থাকলে আমদানিকারকগণ উক্ত পণ্যের সঠিক H.S.Code এর জন্য জাতীয় রাজস্ব বোর্ড থেকে অগ্রিম রুলিং (Advance Ruling) গ্রহণ করতে পারেন।

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ ফখরুল আলম)
কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম

নথি নং-এস-০৪/১২/প্রশাসন/মত বিনিময় সভা/২০১৭-১৮/৪২৮১০ তারিখ : ৩১/০৫/২০২১ খ্রিঃ